প্রথম আলো

তারিখ ... 10 NOV 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭

### ১৯ নভেম্বর প্রাথমিক সমাপনী পরীক্ষা শুরু

# সরকার সিদ্ধান্ত বদল না করলে পরীক্ষা চলবে

নিজস্ব প্রতিবেদক ●

সরকার যত দিন না পর্যন্ত সিদ্ধান্ত বদল করছে, তত দিন পর্যন্ত প্রাথমিক শিক্ষা ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা চলবে।

আসন্ন প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার তথ্য জানাতে গতকাল বুধবার সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান এ কথা বলেন। তিনি বলেন, এখন পর্যন্ত এই পরীক্ষা বন্ধ করার বা দুটি পরীক্ষার (পঞ্চম ও অষ্টম) পরিবর্তে এক পরীক্ষা নেওয়ার কোনো নির্দেশনা আসেনি।

১৯ নভেম্বর থেকে শুরু হয়ে প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শেষ হবে ২৬ নভেম্বর। এবার মোট পরীক্ষার্থী ২৮ লাখ ৪ হাজার ৫০৯ জন। এর মধ্যে ছাত্রী ১৫ লাখ ৪ হাজার ৫২৪ জন এবং ছাত্র ১২ লাখ ৯৯ হাজার ৯৮৫ জন। মোট ৭ হাজার ২৭৯টি কেন্দ্রে এই পরীক্ষা হবে।

শিক্ষানীতিতে থাকলেও শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মধ্যে সমন্বয়হীনতা বা দ্বন্দ্বের কারণে প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণি পর্যন্ত হচ্ছে না বলে অভিযোগ রয়েছে। এ বিষয়ে প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বলেন, সরকার ২০১০ সালের শিক্ষানীতি বাস্তবায়ন করবে। সময় লাগছে। তবে এটা (প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণি করা) হতেই হবে। মন্ত্রী বলেন, পঞ্চম শ্রেণির যে সনদ দেওয়া হয়, সেটা দিয়ে একটি শিশু কর্মজীবনে যেতে পারছে না। অষ্টম শ্রেণিকে প্রাথমিকে আনলে সেটা দিয়ে চাকরির বাজারে প্রবেশের সনদ (সুযোগ) পাবে।

দুই মন্ত্রণালয়ের দ্বন্দ্বের অভিযোগের বিষয়ে মন্ত্রী বলেন, ত্রুটি-বিচ্যুতি থাকবেই। তবে এমন কোনো দ্বন্দ্ব নেই। মতান্তর কখনো কখনো ছোটখাটো হতে পারে, তবে মনান্তর ঘটেনি।